

বন্ধ হয়ে গেলো নভোএয়ার

- A Monitor Desk Report

Date: 03 May, 2025



ঢাকাঃ ফ্লাইট পরিচালনা বন্ধ করে দিয়েছে 'নভোএয়ার'। শুক্রবার (২ মে) থেকে বেসরকারি এই এয়ারলাইনসটি থেকে ফ্লাইট পরিচালনা বন্ধ রয়েছে।

নভোএয়ারের হেড অব মার্কেটিং অ্যান্ড সেলস মেসবাউল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। তবে তিনি জানিয়েছেন, এটি সাময়িক।

দেশের তিনটি বেসরকারি এয়ারলাইনসের অন্যতম নভোএয়ার অনেকদিন ধরে বন্ধের গুঞ্জন চলছিল। অবশেষে তা সত্যি হলো। এর আগে বাংলাদেশে ইউনাইটেড এয়ারওয়েজ, জিএমজি এয়ারলাইনস, রিজেন্ট এয়ারওয়েজসহ বেশ কয়েকটি এয়ারলাইনস বন্ধ হয়ে গেছে। এবার সেই তালিকায় যুক্ত হলো নভোএয়ার।

নভোএয়ারের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'আমাদের এয়ারক্রাফটগুলো বিক্রির চেষ্টা চলছিল। একটা পার্টি ইন্সপেকশনে আসবে। তাই ফ্লাইট পরিচালনা আপাতত বন্ধ করা হয়েছে। পরে হয়তো চালু হতেও পারে।'

নভোএয়ারের ব্যবসা গুটিয়ে নেয়ার গুঞ্জন প্রায় বছর দুয়েক ধরেই শোনা যাচ্ছিল। ২০২৪ সালের জানুয়ারির শেষ দিকে নেপালের ইয়েতি এয়ারলাইনসের কাছে দুটি এটিআর ৭২-৫০০ মডেলের এয়ারক্রাফট বিক্রি করে দেয় নভোএয়ার। ১ ফেব্রুয়ারি এয়ারক্রাফট দুটি বুঝে নেয় ইয়েতি এয়ারলাইনস।

এয়ারক্রাফট ২টি বিক্রির পর পাঁচটি এয়ারক্রাফট আছে এখন বেসরকারি এ উড়োজাহাজ সংস্থাটির বহরে।

২০১৩ সালের ৯ জানুয়ারি ঢাকা থেকে চট্টগ্রাম রুটে যাত্রী পরিবহন শুরু করেছিল নভোএয়ার। এরপর এক যুগ ধরে ১ লাখের বেশি ফ্লাইট চালিয়ে সাড়ে ৭০ লাখের বেশি যাত্রীকে সেবা দিয়েছে তারা।

দেশের 'প্রথম' বেসরকারি এয়ারলাইনস হিসেবে নভোএয়ার যাত্রীদের জন্য চালু করেছিল ফ্রিকোয়েন্ট ফ্লায়ার প্রোগ্রাম-স্মাইলস, কো-ব্র্যান্ডেড কার্ড, টিকিট কেনার জন্য মোবাইল অ্যাপ এবং ওয়েব চেক-ইন সুবিধা।

ভ্রমণবিষয়ক পাক্ষিক ম্যাগাজিন 'দ্য বাংলাদেশ মনিটর'-এর বিচারে ২০১৪ ও ২০১৯ সালে 'বেস্ট ডমেস্টিক এয়ারলাইনস', ২০২২ ও ২০২৩ সালে 'বেস্ট অনটাইম পারফরম্যান্স এয়ারলাইনস'-এর পুরস্কার পায় নভোএয়ার।

সবশেষ ঢাকা থেকে অভ্যন্তরীণ রুটে চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট, যশোর, সৈয়দপুর, রাজশাহীতে প্রতিদিন ফ্লাইট পরিচালনা করছিল নভোএয়ার।

২০১৬ সালের ডিসেম্বরে ঢাকা-কলকাতা রুটে আন্তর্জাতিক ফ্লাইট চালু করে নভোএয়ার। ২০২০ সালে কভিড মহামারীর সময়ে এ রুটে কিছুদিন ফ্লাইট বন্ধ রেখেছিল।

পরে ফের চালু হলেও ২০২৪ সালের ১৬ সেপ্টেম্বরে আবারো এই রুটে ফ্লাইট পরিচালনা 'সাময়িকভাবে' স্থগিত করে এ উড়োজাহাজ সংস্থাটি।

-B